



চাঁদাবাজমুক্ত দেশ চেয়েছিলাম, কিন্তু বাস্তবতা বদলায়নি: মুফতি ফয়জুল করিম



সংগৃহীত ছবি

ইসলামী আন্দোলন বাংলাদেশের নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মদ ফয়জুল করিম অভিযোগ করেছেন, নির্বাচন পেছানোর অপচেষ্টা চলছে এবং যথাযথ পরিবেশ ছাড়াই দেশকে ভোটে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। তিনি বলেন, ফেব্রুয়ারিতেই নির্বাচন হতে হবে এবং সরকারকে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে।

আজ শুক্রবার (৫ ডিসেম্বর) চট্টগ্রামের লালদিঘী মাঠে ৮ দলের আয়োজিত সমাবেশে তিনি বলেন,

“ভাবছিলাম বৈষম্য কমবে, চাঁদাবাজমুক্ত দেশ গড়া যাবে। কিন্তু এখনো চাঁদা আদায় বন্ধ হয়নি। দেশে নিরাপত্তাহীনতা বাড়ছে, ব্যবসায়ীরা স্বস্তিতে নেই। এমন দেশ আমরা চাই না।”

তিনি দাবি করেন, ইসলামী শাসন প্রতিষ্ঠা হলে বৈষম্য, অন্যায় ও দুর্নীতি কমবে এবং দেশের সম্পদ বিদেশে পাচারও বন্ধ হবে। এছাড়া আগামী নির্বাচনকে তিনি ‘দেশপন্থী বনাম ভারতপন্থী’ লড়াই হিসেবে উল্লেখ করে সবাইকে ইসলামের পক্ষে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

দুপুর থেকে সমাবেশস্থলে মানুষের উপস্থিতি বাড়তে থাকে এবং উপস্থিতরা লালদিঘী মাঠেই জুমার নামাজ আদায় করেন।

৮ দলের দাবি গুলো হলো- জুলাই জাতীয় সনদ-২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় নির্বাচনের আগে গণভোট আয়োজন করা হোক, জাতীয় নির্বাচনে উভয় কক্ষে সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (PR) পদ্ধতি চালু করা হোক, অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সমান সুযোগের পরিবেশ তৈরি করা হোক, বিগত সরকারের সব জুলুম-নির্যাতন, গণহত্যা ও দুর্নীতি দৃশ্যমানভাবে বিচার করা হোক এবং স্বৈরাচারের সহযোগী হিসেবে অভিযুক্ত জাতীয় পার্টি ও ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা হোক।